JAN 31 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ......

ভোরের কাগজ

# শিক্ষামন্ত্রীর বক্তব্যের প্রতিবাদে বাকবিশিস

কাগজ প্রতিবেদক : বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস) কেন্দ্রীয় কমিটির সভাপতি ড. ম. আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোঃ শাহজাহান এক যুক্তবিবৃতিতে তৃতীয় বিভাগপ্রাপ্ত শিক্ষকদের নিয়ে শিক্ষামন্ত্রীর বক্তব্যের প্রতিবাদ করেছেন।

বিবৃতিতে তারা বলেন, ২৪ আগস্টের আগে বৈধভাবে নিয়োগপ্রাপ্ত সকল বেসরকারি শিক্ষককে এমপিওভুক্ত করতে হবে। এ ছাড়া বিবৃতিদাতারা সরকার ঘোষিত বেতনের ১০ ভাগ বৃদ্ধি অবিলম্বে কার্যকর করা, সহকারী অধ্যাপক পদে পদোন্নতির ক্ষেত্রে অনুপাত প্রথা বাতিল; ৯৭ সালে বাস্তবায়িত বেতন স্কেল অনুযায়ী চিকিৎসাভাতা ও ইনক্রিমেন্ট প্রদানসহ অন্যান্য দাবি আগামী ১৫ ফেব্রুয়ারির মধ্যে বাস্তবায়নের জোর দাবি জানান।